অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/25/2020 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো জেফারসন কাউন্টিতে 2.5 মিলিয়ন মার্কিন ডলারের স্থিতিশীলতা প্রকল্পে নির্মাণ কাজ শুরুর ঘোষণা দিয়েছেন

সাকেটস হারবারের ব্রাউন শোর রোডে বাস্তবায়িত বন্যা সুরক্ষা ব্যবস্থা গভর্নর কুওমোর স্থিতিশীলতা এবং অর্থনৈতিক উন্নয়ন উদ্যোগের অংশ

উন্নয়নসমূহ আবাসন প্রাপ্যতা নিশ্চিত করবে এবং নিরাপত্তা বৃদ্ধি করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ জেফারসন কাউন্টির সাকেটস হারবার গ্রামে 2.5 মিলিয়ন মার্কিন ডলারের স্থিতিশীলতা এবং অর্থনৈতিক উন্নয়ন উদ্যোগ (Resiliency and Economic Development Initiative, REDI) অনুদান প্রদান করে একটি প্রকল্পের নির্মাণ কাজ শুরুর কথা ঘোষণা করেছেন। এই প্রকল্প ব্রাউন শোর রোডের বন্যার পানির ক্ষতি মোকাবেলা করতে চায়, যা অন্টারিও হ্রদের পূর্ব প্রান্ত বরাবর এর নৈকট্যের কারণে বিশেষভাবে ঝুঁকিপূর্ণ। 2019 সালের বন্যায় রাস্তার উপর 12 ইঞ্চি পানি ছিল যার ফলে ব্রাউন শোর রোড অচল হয়ে পড়ে এবং এর ফলে একটি অস্থায়ীভাবে সড়কটি বন্ধ হয়ে যায়।

"যখন রাষ্ট্র এবং স্থানীয় সরকার একসাথে কাজ করে তখন কী অর্জন করা যায় স্থিতিশীলতা এবং অর্থনৈতিক উন্নয়ন উদ্যোগ (REDI) প্রোগ্রাম তার একটি প্রমাণ," **গভর্নর কুওমো বলেছেন।** "এই প্রকল্প পুনরুজ্জীবন এবং স্থিতিশীলতার প্রতি আমাদের অব্যাহত অঙ্গীকারের আরেকটি উদাহরণ। জেফারসন কাউন্টিতে চলমান REDI প্রকল্পগুলো প্রকৃতি আমাদের দিকে যাই পাঠাক না কেন তার জন্য প্রস্তুত থাকা নিশ্চিত করতে সাহায্য করবে, যখন আমরা আগের চেয়ে ভালোভাবে গড়ে তুলছি।"

এই প্রকল্পে প্রস্তাবিত প্রশমন ব্যবস্থাগুলোতে থাকবে:

- রোডওয়ে 18 ইঞ্চি পর্যন্ত উত্তোলন
- উপকূলরেখা স্থিতিশীলতা স্থাপন করা

"সাম্প্রতিক বছরগুলোতে অন্টারিও হ্রদ বরাবর ওয়াটারফ্রন্ট সম্প্রদায়গুলি প্রচণ্ড চ্যালেঞ্জের সম্মুখীন হয়েছে, কিন্তু নিউ ইয়র্ক তাদের আরো ভালো, বুদ্ধিমান এবং আরো স্থিতিশীল গড়ে তুলতে সাহায্য করার পথে এগিয়ে যাচ্ছে," **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আমাদের সর্বোচ্চ

অগ্রাধিকার হচ্ছে এই সব সম্প্রদায়ের মানুষদের রক্ষা করা এবং সাকেটস হারবারের ব্রাউন শোর রোড প্রকল্প জনগণের নিরাপত্তা বাড়াবে এবং ভবিষ্যতে রাস্তা এবং আশেপাশের বাসভবনে প্রবেশাধিকার নিশ্চিত করবে।"

NYSDOT কমিশনার মারি থেরেস ডোমিঙ্গেজ বলেন, "যখন নর্থ কান্ট্রির লেকশোর সম্প্রদায়ের সাহায্যের প্রয়োজন হয়, তখন গভর্নর কুওমো এবং REDI কমিশন শোনেন এবং ব্যবস্থা গ্রহণ করে। আজকে আমরা যে সাম্প্রতিক প্রকল্পটি শুরু করছি তা শুধু সাকেটস হারবারের পরিবহন অবকাঠামোই বাড়াবে না, বরং ভবিষ্যতের বন্যা থেকে বাসিন্দা এবং ব্যবসায়ীদের রক্ষা করতে সাহায্য করবে। আমরা লেক অন্টারিওর উপকূলে প্রতিটি প্রকল্পের মাধ্যমে আরো ভালোভাবে গড়ে তুলছি।"

ব্রাউন শোর রোড একটি স্থানীয় দুই লেনের সড়কপথ এবং উপকূলরেখা পার্সেলের জন্য একমাত্র প্রবেশ সড়ক। প্রস্তাবিত নির্মাণ গুরুত্বপূর্ণ অবকাঠামোকে আরো অবনতি এবং ব্যবহার বিঘ্নিত করা থেকে রক্ষা করবে, জনগণের নিরাপত্তা বৃদ্ধি এবং বাসস্থানে প্রবেশাধিকার বৃদ্ধি করবে।

সিনেটর প্যাটি রিচি বলেন, "2017 এবং 2019 সালের অভূতপূর্ব বন্যার সময় যারা ব্রাউন শোর রোড ভ্রমণ করেছে তারা জানে এই প্রকল্পটি সাকেটস হারবার সম্প্রদায়ের জন্য কতটা গুরুত্বপূর্ণ। ব্রাউন শোর রোড উত্তোলন এবং উপকূল স্থিতিশীল করা বাসিন্দা এবং যারা সড়ক পথ ব্যবহার করে তাদের নিরাপত্তা রক্ষা করতে সাহায্য করবে। আমি আনন্দিত যে এই প্রকল্প এগিয়ে যাচ্ছে এবং জানি যে আমাদের অঞ্চলে সাম্প্রতিক রেকর্ড পরিমাণ বন্যার পর শক্তিশালী করার সামগ্রিক প্রচেষ্টার একটি গুরুত্বপূর্ণ উপাদান হবে।"

অ্যাসেম্বলি সদস্য মার্ক ওয়ালসিক বলেন, "সেন্ট লরেন্স নদী এবং লেক অন্টারিও বরাবর বন্যা লিসবন থেকে হ্যামন্ড, আলেকজান্দ্রিয়া থেকে সাকেটস হারবার পর্যন্ত অগণিত মানুষকে প্রভাবিত করে। যদিও আমরা এই বছর একটি বুলেট এড়িয়ে গিয়েছি, এটা পরিষ্কার যে আমাদের উপকূলরেখা শক্ত করতে হবে এবং ভবিষ্যতে উচ্চ পানির ঘটনার বিরুদ্ধে লড়াই করার জন্য শক্তিশালী হতে হবে। আমি গভর্নর এবং তার দলকে ধন্যবাদ জানাতে চাই আমাদের অনেক নদী এবং হ্রদ সম্প্রদায়ের মধ্যে সাহায্যের প্রয়োজনীয়তা উপলব্ধি করার জন্য। ব্রাউন শোর রোডের এই প্রকল্প সম্প্রদায়কে সুরক্ষিত রাখতে এবং আগামী বছরগুলোতে সাকেটস হারবারে বিদ্যমান অবকাঠামো রক্ষা করতে সাহায্য করবে।"

জেফারসন কাউন্টি আইন পরিষদ (Jefferson County Legislature)-এর চেয়ারম্যান স্কট গ্রে বলেন, "ব্রাউন শোর রোড প্রকল্প একটি স্থিতিশীলতা প্রকল্পের সারমর্ম যেখানে নিউ ইয়র্ক বিনিয়োগ করছে এবং উন্নত ভাবে নির্মাণ করছে যাতে উচ্চ পানি ঘটনা প্রশমন করা যায় এবং যাতে রাস্তাটি বাসিন্দা এবং জরুরি সাড়াদানে নিয়োজিত যানবাহনের জন্য প্রবেশযোগ্য থাকে এবং ভবিষ্যতে প্রশমন খরচ কমাতে পারে।"

সাকেটস হারবার গ্রামের মেয়র এরিক কন্সটেন্স বলেন, "ব্রাউন শোর রোডের ক্ষয় মোকাবেলা করতে গ্রামটি নিউ ইয়র্ক স্টেট এবং গভর্নরের REDI কমিশনের সাথে অংশীদার হতে পেরে গর্বিত। সড়কপথের আরো বন্যা ক্ষতি প্রতিরোধে যে ব্যবস্থা গ্রহণ করা হবে তা অপরিহার্য এবং সাকেটস হারবারের বাসিন্দাদের জন্য ব্যবহারে বিঘ্ন রোধ করবে।"

অন্টারিও লেক এবং সেন্ট লরেন্স নদীর তীরে বন্যার বর্ধিত নমুনার প্রতিক্রিয়ায় গভর্নর কুওমো উপকূলীয় কমিউনিটির স্থিতিশীলতা বৃদ্ধি এবং অঞ্চলের অর্থনৈতিক উন্নয়ন জোরদার করার জন্য REDI গঠন করেন। পাঁচটি REDI আঞ্চলিক পরিকল্পনা কমিটি যা আটটি কাউন্টির অংশগ্রহণে গঠিত (নায়াগ্রা এবং অরলিন্স, মনরো, ওয়েইন, কায়ুগা এবং ওসওয়েগো, এবং জেফারসন এবং সেন্ট লরেন্স), স্থানীয় অগ্রাধিকার, ঝুঁকিপূর্ণ অবকাঠামো এবং অন্যান্য সম্পদ এবং জননিরাপত্তা সংক্রান্ত উদ্বেগ চিহ্নিত করার জন্য প্রতিষ্ঠিত হয়েছিল। REDI কমিশন বাি‌র মালিকদের সহায়তার জন্য 20 মিলিয়ন মার্কিন ডলার, ব্যবসায়ের রেসিলিয়েন্সির জন্য 30 মিলিয়ন মার্কিন ডলার এবং আঞ্চলিক ড্রেজিংয়ের জন্য 15 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করেছে যা REDI এর আটটি কাউন্টির প্রত্যেকটির উপকার করবে।ড় অবশিষ্ট 235 মিলিয়ন মার্কিন ডলার, স্থানীয় এবং আঞ্চলিক প্রকল্পগুলির জন্য বরাদ্দ করা হয়েছে যা REDI মিশনের দৃষ্টান্ত এবং এটিকে অগ্রসর করে।

গভর্নর কুওমোর নির্দেশে, REDI কমিশন অন্টারিও হ্রদে বন্যার কারণে ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন করে এবং স্থানীয় সম্প্রদায়ের সাথে কাজ করে যাতে ভবিষ্যতের জন্য অর্থনৈতিক দৃষ্টিকোণ থেকে আরও ভালো এবং শক্তিশালী হয়ে গড়ে তোলার জন্য উপকূলের জন্য একটি নতুন লক্ষ্যমাত্রা তৈরি করা যায়। তারা কাজের একটি প্যাকেজ তৈরি করেন- আইনগত পরিবর্তন থেকে শুরু করে ত্রাণ প্যাকেজ থেকে শুরু করে নির্বাহী কার্যক্রম - যা প্রকৃতির খেলা সহ্য করতে সক্ষম হবে। এই পরিকল্পনার অংশ হিসেবে জনসাধারণের সুবিধা শক্তিশালীকরণ এবং প্রাকৃতিক বৈশিষ্ট্যগুলি যেমন লেক অন্টারিও সন্নিবেশিত জীবন্ত উপকূল উন্নত ও বালি পুনঃসরবরাহ করার উপায় রয়েছে।

ব্রাউন শোর রোড প্রকল্প তিনটি প্রকল্পের একটি যা গভর্নরের স্থিতিশীলতা এবং অর্থনৈতিক উন্নয়ন উদ্যোগের মাধ্যমে সাকেটস হারবার গ্রামকে পুরস্কৃত করা হয়েছে। অতিরিক্ত প্রকল্প 2021 সালে ভিত্তি প্রস্তর স্থাপন করার কথা।

###

আরও তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন